

৩৪

ক্যাম্পাসে পুলিশ মোতায়েন
আটক ১১ জন
জেল হাজতে :
একজন রিমাণ্ডে

!! স্টাফ রিপোর্টার !!
রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে গ্রেফতারকৃত ১২ জনের মধ্যে একজনকে গতকাল একদিনের জন্য পুলিশ হেফাজতে আনা হয়। পুলিশ জানায় তাজুল ইসলাম নামে এই যুবককে রিমাণ্ডে এনে জিজ্ঞাবাদ করা হচ্ছে। অন্য ১১ জনকে জেল হাজতে পাঠিয়ে দেয়া হয়েছে। এদিকে ফজলুল হক হলের তিন-তলা থেকে ফেলে দিয়ে রাশেদ হোসেন (৫-এর পৃঃ ৫৪),

একজন রিমাণ্ডে (প্রথম পৃঃ পর)

সেন বানকে হত্যার সঙ্গে জড়িতদের ধরার জন্য পুলিশ গতকাল কয়েকটি স্থানে যায়। কিন্তু কাউকে গ্রেফতার করতে পারে নি। মহানগর গোয়েন্দা পুলিশ জরুল হক হলের ডিপি শহীদুল ইসলাম চন্নু হত্যার দস্তাবেজ অব্যাহত রেখেছে বলে জানায়।

আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানিয়েছেন: রবিবার ছাত্র ছাত্রীরা হল ত্যাগ করে চলে যাওয়ার পর গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল অনেকটা প্রাণহীন। মধুর ক্যান্টিন, টিএসসি, ভাইস চ্যান্সেলরের বাসভবনের সামনে এবং বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথগুলিতে পুলিশ মোতায়েন রাখা হয়। পুলিশ গতকালও বিশ্ববিদ্যালয় এলাকার মধ্য দিয়ে যানবাহন চলাচল করতে দেয়নি। তবে ইতস্তত বিক্ষিপ্ত ভাবে কিছু রিক্সা চলাচল করতে দেখা যায়।